

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
ফুলতলা,খুলনা।

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

Email:uwaofultola@gmail.com


স্মারক নং- ৩২.০১.৪৭৬৯.০০০.০১.২২- ৭৪

তারিখঃ ১৮/০৩/২০২৪ খ্রিঃ

সভার নোটিশ

আগামী ২৮/০৩/২০২৪ খ্রিঃ রোজ বৃহস্পতিবার উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভাপতিত্বে নিম্নলিখিত সভাসমূহ উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। কমিটির একজন সম্মানিত সদস্য হিসেবে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

ক্রঃনং	সভার নাম	সময়	মন্তব্য
০১.	বাল্য বিবাহ নিরোধ কমিটি	১১:৩০	
০২.	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি	১২.০০	


ফারহানা ইয়াসমিন
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ফুলতলা,খুলনা।
১৮/০৩/২৪

প্রাপক

.....
.....

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা,খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা,খুলনা।
- ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর,খুলনা।



মার্চ/২০২৪ মাসের উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : তাসনীম জাহান
 উপজেলা নির্বাহী অফিসার
 ফুলতলা, খুলনা।

সভার তারিখ : ২৮-০৩-২০২৪ খ্রিঃ

সময় : সকাল – ১১.০০মিঃ


স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, ফুলতলা, খুলনা।

উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট – ক:

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য - বিবরণী পাঠ করে শোনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	<u>সেলে প্রাপ্ত অভিযোগ সংক্রান্ত:</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ফেব্রুয়ারি/২৪ মাসে উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেলে ২ টি অভিযোগ পাওয়া গেছে এবং ২ টি অভিযোগই নিষ্পত্তি করা হয়েছে।	প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। যে টি স্থানীয়ভাবে নিষ্পত্তি করা সম্ভব না হয় সেটি জেলা লিগ্যাল এইড কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলতলা, খুলনা।
০২.	<u>উঠান বৈঠক সংক্রান্ত:</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ফেব্রুয়ারি/২৪ মাসে তুর্নমুল পর্যায়ে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমে বিল পিপড়াইল ও ডাউকোনা গ্রামে ০২ (দুই) টি উঠান বৈঠক করা হয়েছে। উঠান বৈঠকে বাল্য বিবাহ বিরোধী অঙ্গীকার নামায় ৫২জনের স্বাক্ষর সংগ্রহ করা হয়েছে।	উঠান বৈঠক কার্যক্রম অব্যহত থাকবে এবং সচেতনতামূলক কার্যক্রম আরো বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলতলা, খুলনা।
০৩.	<u>কোর্ট থেকে প্রাপ্ত মামলা সংক্রান্ত:</u> ফেব্রুয়ারি/২৪ মাসে কোন মামলার তদন্ত করার জন্য পাওয়া যায় নি।	কোর্ট হতে কোন মামলা প্রাপ্ত হলে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলতলা, খুলনা।
০৪.	<u>বাল্য বিবাহ প্রতিরোধ সংক্রান্তঃ</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ফেব্রুয়ারি/২৪ মাসে কোন ইউনিয়ন হতে বাল্য বিবাহের সংবাদ পাওয়া যায়নি।	বাল্য বিবাহ সংক্রান্ত সংবাদ পাওয়ার সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসার অবহিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	সহকারী কমিশনার (ভূমি) অফিসার- ইন-চার্জ ফুলতলা/খানজাহান আলী থানা। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলতলা, খুলনা।
০৫.	<u>বিবিধ:</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ফেব্রুয়ারি/২৪ মাসে পটিয়াবান্দা সুল্লা স্মারনীকা মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর ছাত্রীদের মাঝে এবং শেয়ার বাংলাদেশ GEP প্রোগ্রামের অংশ হিসেবে বাবাদের নিয়ে পিপড়াইল গ্রামে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার উপস্থিতিতে সচেতনতা মূলক সভা অনুষ্ঠিত হয়েছে।	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ প্রতিরোধে সচেতনতা মূলক কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলতলা, খুলনা।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(তাসনীম জাহান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
ফুলতলা, খুলনা।

Email: uwaofultola@gmail.com


“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

স্মারক নং- ৩২.০১.৪৭৬৯.০০০.০০৯.১৭.২১ - ৯০

তারিখঃ ৩১/০৩/২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ:

- ০১। জেলা প্রশাসক, খুলনা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
- ০৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।
- ০৫। অফিসার ইন-চার্জ, ফুলতলা/খানজাহানআলী থানা, ফুলতলা, খুলনা।
- ০৬। জনাব/বেগম.....



(ফারহানা ইয়াসমিন)

সদস্য সচিব

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি

ও

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ফুলতলা, খুলনা।

